



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩  
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।

### দরপত্র বিজ্ঞপ্তি

০১। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রম নং	দরপত্র নং	ক্রয়তথ্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেভার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
						গ্রহণ	খোলা
০১	০১/২০২৩-২৪	স্টেশনারী মালামাল	১০০০/-	১৮,৫০০/-	২০/০৭/২০২৩ খ্রিঃ বৃহস্পতিবার হতে ০২/০৮/২০২৩ খ্রিঃ বুধবার (অফিস চলাকালীন সময় পর্যন্ত)।	০৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকা (BST) পর্যন্ত ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	০৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকা (BST) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

০২। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।

০৩। আগ্রহী দরদাতাগণ “ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩” এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে প্রতিটি দরপত্র ক্রয়ের জন্য ছকে উল্লেখিত টাকার অফেরতযোগ্য (দরপত্র দলিলের মূল্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ময়মনসিংহ পবিস-৩ এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা যাবে না।

০৪। দরপত্রের উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় দরপত্র পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। প্রতিটি দরপত্রের সাথে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ছকে উল্লেখিত পরিমাণ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী ময়মনসিংহ পবিস-৩ এর সদর দপ্তর শম্ভুগঞ্জ, ময়মনসিংহ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। কার্যাদেশ প্রদানকারী প্রতিষ্ঠানকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক সরাসরি মালামালের মূল্য চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। সরবরাহকারীকে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

০৬। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানাতে হবে।

০৭। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

মোবাইল নম্বর : ০১৭৬৯৪০০৬২২

“বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন, অন্যকে ব্যবহারের সুযোগ দিন”

জেনারেল ম্যানেজার  
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩  
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।